দৈনিক ইত্তেফাক

তারিখ ..... 9. MAY. 2009...
পৃষ্ঠা ..২৩... কলাম ...৫.....

# শিক্ষার্থীদের জন্য যুক্তরাজ্যের ভিসার নতুন পদ্ধতি

কূটনৈতিক রিপোর্টার ॥ যুক্তরাজ্য বর্ডার এজেন্সি (ইউকেবিএ) শিক্ষার্থীদের ভিসা আবেদনের ক্ষেত্রে একটি নতুন নিয়ম চালু করেছে। গত ৩১ মার্চ থেকে কার্যকর হওয়া এই নিয়মের ফলে ভিসা আবেদন প্রক্রিয়া আরো সহজতর হয়েছে। নতুন এই পয়েন্টভিত্তিক নিয়ম অনুযায়ী, যুক্তরাজ্য যেতে আগ্রহী শিক্ষার্থীদের মোট ৪০ পয়েন্ট স্কোর করতে হবে। যুক্তরাজ্যের কলেজ বা বিশ্ববিদ্যালয় থেকে আবেদনকারীর কাছে পাঠানো সার্টিফিকেটের জন্য ৩০ পয়েন্ট ও বাকি ১০ পয়েন্ট থাকছে আবেদনকারীর আর্থিক সক্ষমতার ওপর। ঢাকাস্থ বৃটিশ হাইকমিশনে নিযুক্ত ইউকেবিএ এর অভিবাসন বিভাগের প্রধান স্টুয়ার্ট পারসিভাল বলেন, নতুন এ পদ্ধতির কারণে একজন শিক্ষার্থীকে তার ১ বছরের শিক্ষা ও জীবনযাত্রার ব্যয় স্থানীয় ব্যাংকে নিজের বা যৌথ একাউন্টে জমা রাখতে হবে।

ঢাকার শেরাটন হোটেলে গত মঙ্গলবার আয়োজিত 'ইউকে স্টুডেন্ট ভিসা, টিয়ার ৪; পয়েন্ট বেসড সিস্টেম' বিষয়ক এক সেমিনারে নতুন এ নিয়ম সম্পর্কে তিনি আরো বলেন, ভিসা আবেদনের কমপক্ষে ২৮ দিন পূর্বে তাদের একাউন্টে এই নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখতে হবে। যুক্তরাজ্যে উচ্চশিক্ষা বিষয়ে পরামর্শ দানকারী ১১টি স্থানীয় প্রতিষ্ঠানের সংগঠন বাংলাদেশ এপ্রুভড স্টুডেন্ট এজেন্টস স্কিম (বিএএসএএস) এ সেমিনারের আয়োজন করে।